# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৯৮

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ ـرَضِيَ اللَّهُ عَنْهُمَاـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «لَا تُمَارِ أَخَاكَ, وَلَا تُمَازِحْهُ, وَلَا تَعِدْهُ مَوْعِدًا فَتُخْلِفَهُ». أَخْرَجَهُ التِّرْمِذِيُّ بِسَنَدٍ فِيهِ ضَعْفٌ

ضعيف. رواه الترمذي (1995) وفي سنده ليث بن أبي سليم

বাংলা

১৪৯৮। ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তুমি তোমার মুসলিম ভাই এর সাথে ঝগড়া করবে না, তাকে ঠাট্টা করবে না ও তার সাথে ওয়াদা করে তা খিলাফ করবে না।[1]

## English

Ibn ’Abbas (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
“Don’t dispute with your brother; don’t make jokes with him; and don’t make him a promise which you would break.” Related by At-Tirmidhi with a weak chain of narrators.

ফুটনোট

[1] তিরমিযী ১৯৯৫। আবূ নাঈম তাঁর হিলইয়াতুল আউলিয়া ৩/৩৯৪ পৃষ্ঠায় বলেন, ইকরামার হাদীস গারীব। আবদুর রহমান মুবারকপুরী তাঁর তুহফাতুল আহওয়াযী ৫/৪০৩ পৃষ্ঠায় বলেন, এর সানাদে লাইস বিন আবূ

সুলাইম রয়েছে। তার সম্পর্কে ইবনু হাজার আসকালানী বলেন, শেষ জীবনে তিনি হাদীস এলোমেলোভাবে বর্ণনা করেছেন, পার্থক্য করা যায় না। এ হাদীস তার জীবনের কোন সময়ের তাই তার হাদীস বর্জন করা হয়েছে। শাইখ আলবানী যঈফ আল আদাবুল মুফরাদ, ৫৯, তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৪৮১৮, যঈফুল জামে ৬২৭৪, যঈফ তিরমিযী ১৯৯৫ গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন, ইমাম সুয়ূত্বী তাঁর আল জামেউস সগীর ৯৮৬৫ গ্রন্থেও অনুরূপ বলেছেন। ইবনে উসাইমীনও শরহে বুলুগুল মারাম ৬/৩৯১ গ্রন্থেও এর সানাদকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন